108

দৈনিক ইত্তেফাক

তারিখ 01 OCT 1998
পৃঃ ৩ কলাম ৬

# ৫৪টি সরকারী কলেজে নূতন পদের শিক্ষকেরা চার মাস বেতন পাইতেছেন না

শেরপুর সংবাদদাতা ॥ শেরপুর সরকারী মহিলা কলেজসহ সারা দেশে জাতীয়করণকৃত ৫৪টি কলেজে নূতন সৃষ্ট পদে নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ গত ৪মাস যাবৎ বেতন পাইতেছেন না। খোঁজ লইয়া জানা গিয়াছে, শিক্ষামন্ত্রণালয় ১৯৯৭ সালে ৫৪টি সরকারী কলেজের ৬৭৫টি পদে শিক্ষকদের পদোন্নতি ও প্রভাষক নিয়োগ প্রদান করে। নূতন সৃষ্ট পদ সংরক্ষণের জন্য গত মে মাস পর্যন্ত আর্থিক মঞ্জুরী প্রদান করা হয়। কিন্তু ইহার পর সৃষ্ট পদসমূহ সংরক্ষণের জন্য প্রয়োজনীয় আর্থিক মঞ্জুরী বরাদ্দ না করায় শিক্ষকগণ ৪ মাস বেতন-ভাতাদি উত্তোলন করিতে পারিতেছেন না। এই ব্যাপারে শেরপুর সরকারী মহিলা কলেজ কর্তৃপক্ষ সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরসহ সংশ্লিষ্ট অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাদের নিকট তারবার্তা প্রেরণ করা সত্ত্বেও কোন ফলোদয় হয় নাই। বিশ্বস্ত সূত্রে জানা গিয়াছে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ৯/১০ এম-৫/৯/৯০৯ শিক্ষা সংখ্যক স্মারকমূলে গত ৯ই জুলাই উল্লেখিত শিক্ষকদের পদের মেয়াদ গত ১লা জুন হইতে ১৯৯৯ সনের ৩১শে মে পর্যন্ত সংরক্ষণের আদেশ দেওয়া হইয়াছে। বর্তমানে আদেশটি সংস্থাপন মন্ত্রণালয়ে পড়িয়া আছে। সেখান হইতে ছাড় পাওয়ার পর অর্থ বিভাগের সম্মতি ও প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক অন্যান্য আনুষ্ঠানিকতা সম্পন্নের পর নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের ভাগ্যে বেতন-ভাতা জুটিবে। এই প্রসঙ্গে পদোন্নতিপ্রাপ্ত জনৈক শিক্ষক জানান, ইতিপূর্বে কলেজে সৃষ্ট পদ সংরক্ষণের নির্দিষ্ট মেয়াদ অতিক্রান্তের পর নবায়নের আর কোন প্রয়োজন হইত না।